# এইচ এস সি পরীক্ষা ২০১৬এর সকল বোর্ডের জন্য মডেল প্রশ্ন

**বিষয় : ইসলামের ইতিহাস ও সংস্কৃতি ২য় পত্র (সৃজনশীল)**

**বিষয় কোড : ২ ৬ ৮**

**সময়: ২ ঘণ্টা ১০ মিনিট** **পূর্ণমান: ৬০**

**দ্রষ্টব্যঃ দক্ষিণ পার্শ্বস্থ সংখ্যা প্রশ্নের পূর্ণমান জ্ঞাপক। ৯টি প্রশ্ন থেকে যে কোন ৬টি প্রশ্নের উত্তর দাও।**

১. ▶ ইসলামের ইতিহাসে খলিফা আল-ওয়ালিদের নাম স্মরণীয়। তার শাসনামলে হাজ্জাজ-বিন-ইউসুফ, কুতাইবা-বিন-মুসলিম, মুহাম্মদ-বিন-কাসিম প্রমুখ সেনাপতিদের রণনৈপুণ্যে সাম্রাজ্যের বিস্তার সাধিত হয়। এশিয়া, ইউরোপ ও আফ্রিকা মহাদেশের বহু স্থানে ওয়ালিদের ক্ষমতা সম্প্রসারিত হয়-

ক. হাজ্জাজ-বিন-ইউসুফ কে ছিলেন? ১

খ. হাজ্জাজ-বিন-ইউসুফের সাথে সিন্ধু রাজার বিরোধের কারণ কী ছিল? ২

গ. অর্থনৈতিক কী প্রয়োজনে আরবরা সিন্ধু আক্রোমনে প্রলুব্ধ হয়? ৩

ঘ. আরবদের সিন্ধু অভিযানের প্রত্যক্ষ কারণ ব্যাখ্যা কর। ৪

২. ▶ ফাহিম সাহেব ইতিহাস পাঠে খুব আগ্রহী। এবার একুশে বইমেলা থেকে তিনি ভারতের ইতিহাসের উপর রাশিয়ান লেখকদের লেখা একটি বই কিনেছেন, সেটি পড়তে গিয়ে তিনি দেখলেন আফগানিস্তানের গজনী থেকে আগত জনৈক সুলতান ১৭ বার ভারতে অভিযান পরিচালনা করেছেন, যুদ্ধে জয়লাভ করেছেন কিন্তু এখানে শাসন করেননি। ফাহিম সাহেব এসব অভিযানের কারণ অনুসন্ধান করতে চাইলেন।

ক. ভারতে অভিযানকারী তুর্কীদের বাসস্থান কোথায় ছিল? ১

খ. আবু রায়হান আল বেরুনীর পরিচয় দাও? ২

গ. উদ্দীপকে বর্ণিত সুলতানের ভারতবর্ষে সর্বাপেক্ষা গুরুত্বপূর্ণ অভিযানের বর্ণনা দাও। ৩

ঘ. ভারতবর্ষে ১৭ বার অভিযানের উদ্দেশ্য ব্যাখ্যা কর। ৪

৩. ▶ ভারতীয় রাজ্যগুলো যখন পরস্পরের বিরুদ্ধে যুদ্ধ বিগ্রহে লিপ্ত তখন ভারতের উত্তরাঞ্চলে মুসলমান শাসন প্রতিষ্ঠিত হয়। এই রাজ্যই দিল্লীর সুলতানশাহী নামে পরিচিত হয়। এই শাসনই ভারতের দক্ষিণাঞ্চলে প্রসারিত হয়, যা ভারতের পরবর্তী ইতিহাসকে প্রভাবিত করে। এরপরই সমগ্র ভারত মুসলিম জগতের আধিপত্যের আওতায় আসে-

ক. মুহাম্মদ ঘুরী ভারতবর্ষে কাকে তার উত্তরাধিকারী মনোনীত করেন? ১

খ. কুতুবউদ্দিন আইবেক কিভাবে দাসত্ব থেকে মুক্ত হন? ২

গ. ক্ষমতায় অধিষ্ঠিত হয়ে কুতুবউদ্দিন আইবেক কোন কোন শত্রুর মোকাবেলা করেন? ৩

http://teachingbd.com

ঘ. কুতুবউদ্দিন আইবেক কিভাবে দিল্লীর ১ম স্বাধীন সুলতান হওয়ার কৃতিত্ব অর্জন করেন- ব্যাখ্যা কর। ৪

৪. ▶ উমাইয়া খলিফা আবদুল মালিক তার রাজত্ব কালে অসংখ্য বাধা বিপত্তির মোকাবেলা করেন। দৃঢ় আত্মবিশ্বাসের অধিকারী আবদুল মালিক অপরিসীম উদ্যাম ও সাহসীকতার সাথে পরিস্থিতি মোকাবেলা করে উমাইয়া বংশকে দৃঢ় ভিত্তির উপর প্রতিষ্ঠিত করেন। এ জন্য তাকে উমাইয়া বংশের প্রকৃত প্রতিষ্ঠাতা বলা হয়। যেমন বলা হয় ইলতুতমিশকে দাস বংশের প্রতিষ্ঠাতা।

ক. ভারতবর্ষে দাস বংশের প্রতিষ্ঠাতা কে ছিলেন? ১

খ. দাস বংশের প্রতিষ্ঠাতা যিনি তিনি কি ভাবে ক্ষমতা গ্রহণ করেন? ২

গ. ক্ষমতা গ্রহণ করে ইলতুতমিশ কি কি সমস্যা মোকাবেলা করেন? ৩

ঘ. উমাইয়া খলিফা আবদুল মালিকের সাথে ইলতুতমিশের তুলনা কর। ৪

৫. ▶ আজ বাজারে গিয়ে তাহের সাহেব অত্যন্ত বিরক্ত। প্রতিটি জিনিসের দাম বেড়ে গেছে। স্ত্রীর হাতে বাজারের ব্যাগ দিতে গিয়ে বললেন বাজারের জিনিসপত্রের দামের উপর কারো নিয়ন্ত্রণ নেই। অথচ মধ্যযুগে আলাউদ্দীন খলজী নামে একজন শাসক মূল্য নিয়ন্ত্রণ ব্যবস্থা প্রবর্তন করে সফলতার সাথে বাজার দাম নিয়ন্ত্রণ রাখতে পেরেছিলেন।

ক. মূল্য নিয়ন্ত্রণ ব্যবস্থা কি? ১

খ. আলাউদ্দীন খলজীর আমলে বাজার তদারককারী কর্মকর্তার পদবী কি ছিল? ২

গ. আলাউদ্দীন খলজীর আমলে বাজার দাম নির্ধারণের প্রয়োজনীয়তা কী ছিল? ৩

ঘ. আলাউদ্দীন খলজীর আমলে মূল্য নিয়ন্ত্রণ ব্যবস্থার কার্যকারিতা ব্যাখ্যা কর। ৪

৬. ▶ রফিক সাহেব সরকার দলীয় এম.পি। সেদিন জনসভায় বক্তৃতাকালে তিনি বলেন, বর্তমান সরকার দেশে বয়স্কদের ভাতা প্রদান, বেকার যুবক-যুবতীদের কর্মমুখী করার জন্য মাছচাষ, হাঁস-মুরগী পালন ইত্যাদি প্রশিক্ষণ ও অর্থ সুবিধা প্রদানের কর্মসূচী গ্রহণ করেছে। দরিদ্র মহিলাদের জন্যও বিভিন্ন কল্যাণমূলক প্রকল্প গ্রহণ করেছে।

ক. অনিচ্ছাসত্ত্বেও ফিরোজ শাহ তুঘলক কেন দিল্লির শাসনভার গ্রহণ করেছিলেন? ১

খ. ফিরোজ শাহ তুঘলক কেন বঙ্গো অভিযান প্রেরণ করেছিলেন? ২

গ. বেসামরিক শাসন ব্যবস্থায় ফিরোজ শাহ তুঘলক এর গৃহীত পদক্ষেপগুলো লিখ। ৩

TeachingBD.com

ঘ. জনসাধারণের মঙ্গালের জন্য ফিরোজ শাহ তুঘলক যেসব জনহিতকর পদক্ষেপ গ্রহণ করেছিলেন তার ফলাফল কি হয়েছিল? ৪

৭. ▶ ভারতে মুঘল সাম্রাজ্যের প্রাথমিক যুগ ছিল মুঘল-আফগান দ্বন্দ্বের ইতিহাস। সম্রাট বাবুর ও তার পুত্র হুমায়ূনকে যুদ্ধ করতে হয় আফগানদের সাথে। হুমায়ূনদের রাজত্বকালে শাসন ক্ষমতার গতিপথ পরিবর্তন হয় আফগানদের সাথে যুদ্ধের কারণে-

ক. সিংহাসনে আরোহনের পর হুমায়ূনের সবচেয়ে জটিল সমস্যা কী ছিল? ১

খ. আফগান নেতা শেরশাহ কিভাবে বিহারের কর্তৃত্ব লাভ করেন? ২

গ. হুমায়ূন ও শেরশাহের মধ্যেকার চৌসার যুদ্ধের গুরুত্ব কি ছিল? ৩

ঘ. হুমায়ূন ও শেরশাহের দ্বন্দ্বে উভয়ের যুদ্ধ কৌশলের পার্থক্য দেখাও। ৪

৮. ▶ সুলতান আলাউদ্দীন খলজী ছিলেন মধ্যযুগীয় সাম্রাজ্যবাদের প্রতিক। তিনি একটি নতুন ধর্মমত প্রবর্তনের পরিকল্পনা নেন। তিনি মনে করেন তার চারজন বিশ্বস্ত অনুচরের সাহায্যে নতুন ধর্মমত প্রবর্তন করতে পারবেন। অবশ্য পরে দিল্লির কোতোয়ালের পরামর্শে ধর্মমত প্রবর্তনের আশা ত্যাগ করেন-

ক. কোন মুঘল সম্রাট নতুন ধর্মমত প্রবর্তন করেন? ১

খ. সম্রাট আকবরের ধর্মীয় দৃষ্টিভঙ্গি পরিবর্তনের কারণ কী ছিল? ২

গ. সম্রাট আকবরের দ্বীন-ই-ইলাহী প্রবর্তনের উদ্দেশ্য কী ছিল? ৩

ঘ. সম্রাট আকবরের নতুন ধর্মনীতি প্রবর্তনের কারণ ব্যাখ্যা কর। ৪

৯. ▶ জনৈক শাসক বাংলার মসনদে অধিষ্ঠিত হয়ে জনকল্যাণমূলক কাজে নিয়োজিত হন। বহু রাস্তাঘাট, সরাইখানা, সেতু ও শিক্ষা প্রতিষ্ঠানে নির্মাণ করেন। তার আমলে দ্রব্যের দাম এত সস্তা ছিল যে, টাকায় আটমন চাল পাওয়া যেত। তার শাসনামল স্থাপত্যে শিল্পের জন্যও বিখ্যাত। র স্থাপত্য কীর্তির মধ্যে ছোট কাটরা, বড় কাটরা, লালবাগ কেল্লা ইত্যাদি অন্যতম-

ক. বার ভূঁইয়া কারা? ১

খ. জিন্দাপীর কে ছিলেন? ২

গ. উদ্দীপকের শাসকের সাথে তোমার বইয়ের কোন শাসকের কার্যকলাপের মিল পাওয়া যায়- ব্যাখ্যা কর। ৩

ঘ. উদ্দীপকের শাসকের সাথে তোমার বইয়ের পঠিত শাসকের কর্মকাণ্ড কোন কোন দিক দিয়ে বেশি খ্যাতি অর্জন করেন? বিশ্লেষণ কর। ৪

http://teachingbd.com

বিষয় ঃ ইসলামের ইতিহাস ও সংস্কৃতি-২য় পত্র (বহুনির্বাচনি) বিষয় কোড : ২ ৬ ৮

সময় : ৪০ মিনিট পূর্ণমান: ৪০

বিশেষ দ্রষ্টব্য : সরবরাহকৃত বহুনির্বাচনী অভীক্ষার উত্তরপত্রের প্রশ্নের ক্রমিক নম্বরের বিপরীতে প্রদত্ত বর্ণসম্বলিত বৃত্তসমূহ হতে সঠিক/সর্বোৎকৃষ্ট উত্তরের বৃত্তটি বলপয়েন্ট কলম দ্বারা সম্পূর্ণ ভরাট কর। প্রতিটি প্রশ্নের মান-১।

১. পৃথিবীর কত ভাগ লোক ভারতীয় উপমহাদেশে বসবাস করে?
ক এক-তৃতীয়াংশ খ এক-চতুর্থাংশ
গ এক-পঞ্চমাংশ ঘ এক-দশমাংশ

২. ভারতীয় উপমহাদেশের প্রাচীনতম অধিবাসী—
ক আর্যগণ খ শকগণ
গ কুষাণ ঘ দ্রাবিড়গণ

৩. ভরত কে ছিলেন?
ক হিন্দুরাজা খ পুরোহিত
গ সেনাপতি ঘ সামন্ত প্রভু

নিচের অনুচ্ছেদটি পড় এবং ৪ ও ৫ নং প্রশ্নের উত্তর দাও:
হজ্জের মৌসুমে প্রতি বছর বাংলাদশ থেকে প্রচুর ধর্মপ্রাণ মুসলমান হজ্জ করতে মক্কায় যায়। মক্কা বর্তমানে সৌদি আরবে অবিস্থত। এখানে মহানবী হযরত মুহাম্মদ (স) এর মাধ্যমে ইসলামের আবির্ভাব ঘটে।

৪. ইসলামের আবির্ভাবের পূর্বে ভারতীয় উপমহাদেশের সাথে কাদের যোগাযোগ ছিল—
ক আরব শেখদের খ আরব সৈনিকদের
গ আরব কবিদের ঘ আরব বণিকদের

৫. নিম্নবর্ণের হিন্দুরা ইসলামের প্রতি আকৃষ্ট হয়—
১. ইসলামের সাম্য ও শান্তির বাণীতে আকৃষ্ট হয়ে
২. আরব বণিকদের সাথে ব্যবসা করার জন্য
৩. অর্থনৈতিক ও ধর্মীয় নিপীড়ন থেকে মুক্তির জন্য
৪. রাজাদের সাথে বিরোধের কারণে।
নিচের কোনটি সঠিক?
ক ১ ও ২ খ ১ ও ৩
গ ৪ ঘ ১, ২ ও ৩

৬. মুসলিম আক্রমণের সময় সিন্ধু রাজা কে ছিলেন?
ক জয়সিংহ খ দাহির
গ চার্চ ঘ লক্ষণ সেন

৭. প্রাচীন হিন্দু সমাজে বিধবা বিবাহ প্রচলিত ছিল না কিন্তু—
১. জাতিভেদ প্রথা প্রচলিত ছিল
২. সতিদাহ ও সহমরণ প্রথা ছিল
৩. বাল্যবিবাহ প্রচলন ছিল না
৪. একাধিক বিবাহ প্রচলন ছিল না।
নিচের কোনটি সঠিক?
ক ১ ও ২ খ ২ ও ৩
গ ২ ঘ ৪

৮. মুহাম্মদ বিন কাশিম সিন্ধু বিজয় করেন—
ক ৭১০ খ্রি. খ ৭১১ খ্রি.
গ ৭১২ খ্রি. ঘ ৭১৫ খ্রি.

৯. ঘুর রাজ্য কোন দেশে অবস্থিত ছিল?
ক ভারতে খ আফগানিস্তানে
গ ইরাকে ঘ পারস্যে

১০. "আরবদের সিন্ধু বিজয় একটি নিস্ফল বিজয়" এ কথা বলেছিলেন—
ক ঈশ্বরী প্রসাদ খ স্টেনলী লেনপুল
গ পি.কে হিট্টি ঘ আমির আলী

১১. সিন্ধু বিজয়ের ফলে মুসলমানদের পরিচয় ঘটে—
১. ভারতীয় রাজাদের সাথে
২. ভারতীয় বণিকদের সাথে
৩. ভারতীয় শিল্পীদের সাথে
৪. ভারতীয় সভ্যতা ও সংস্কৃতির সাথে
নিচের কোনটি সঠিক?
ক ১ ও ২ খ ২ ও ৩
গ ১, ২ ও ৩ ঘ ৪

১২. ইয়ামিন-উদ-দৌলা, আমিন-উল-মিল্লাদ খেতাব কাকে দেয়া হয়?
ক সবুক্তগীন খ মুহাম্মদ বিন কাশিম
গ সুলতান মাহমুদ ঘ মুহাম্মদ ঘুরী

১৩. প্রাচ্যের হোমার কাকে বলা হয়?
ক আল ফারাবী খ ফেরদৌসী
গ আল বেরুনী ঘ হাফিজ

১৪. সুলতান মাহমুদের অভিযানের সময় পাঞ্জাবের রাজা কে ছিলেন?
ক আনন্দ পাল খ জয়সিংহ
গ দেবপাল ঘ জয়পাল

১৫. তরাইনের ২য় যুদ্ধে কে পরাজিত হন?
ক মুহাম্মদ ঘুরী খ পৃথ্বীরাজ চৌহান
গ সুলতান মাহমুদ ঘ ভীম সিংহ

অনুচ্ছেদটি পড় এবং ১৬ ও ১৭ নং প্রশ্নের উত্তর দাও:
আফগানিস্তান দক্ষিণ এশিয়ার একটি স্বাধীন মুসলিম দেশ আফগান সীমান্তের একটি ভারতীয় রাজ্য কাশ্মীর। একসময় দুই স্থানেই হিন্দুশাহী রাজ্য কায়েম ছিল। মুঘল সম্রাট আকবর কাশ্মীরের নৈসর্গিক সৌন্দর্যে মুগ্ধ হয়ে এখানে গ্রীষ্মকালীন অবকাশ তৈরি করেছিলেন।

১৬. আফগানিস্তান ও কাশ্মীর কোন সাম্রাজ্যের অন্তর্ভুক্ত ছিল?
ক আফগান সাম্রাজ্যের অন্তর্ভুক্ত
খ ভারত সাম্রাজ্যের গ পারস্য সাম্রাজ্যের
ঘ তুর্কি সাম্রাজ্যের

১৭. অনুচ্ছেদে উল্লিখিত অঞ্চল দুটি সম্পর্কে কোন উক্তিটি সঠিক?
১. বর্তমানে উভয়ের রাষ্ট্রীয় পরিচয় পৃথক
২. উভয়ে একই দেশের অন্তর্ভুক্ত
৩. একটি স্বাধীন রাষ্ট্র অন্যটি ভারতের অংশ
৪. উভয়েই ভারতের কাছ থেকে স্বাধীনতা চায়
নিচের কোনটি সঠিক?
ক ১ ও ২ খ ২ ও ৩
গ ১ ও ৩ ঘ ৩ ও ৪

১৮. সুলতান মাহমুদ ভারতবর্ষের একমাত্র কোন রাজ্যটি সাম্রাজ্যভুক্ত করেন?
ক মুলতান খ পাঞ্জাব
গ সিন্ধু ঘ কাশ্মীর।

Teachingbd.com

১৯. মুহাম্মদ ঘুরী ভারতে কাকে তার প্রতিনিধি নিয়োগ করেছিলেন?
ⓚ কুতুবউদ্দিন আইবেক কে ⓚ খসরু মালিক
ⓖ তাজউদ্দীন ⓖ ভীম সিংহ

২০. সুলতান মাহমুদ ইসলাম প্রচারের উদ্দেশ্যে ভারতে অভিযান করেছিলেন— ইতিহাসের বিচারে—
১. ভ্রান্ত ও অসত্য
২. সম্পূর্ণ সত্য
৩. আংশিক সত্য
৪. ইসলাম প্রচারের উদ্দেশ্য ছিল না
নিচের কোনটি সঠিক?
ⓚ ১ ও ২ ⓚ ২ ও ৪
ⓖ ৩ ⓖ ১ ও ৪

২১. মামলুক অর্থ কী?
ⓚ সুলতান ⓚ ক্রীতদাস
ⓖ শাসনকর্তা ⓖ উজির

অনুচ্ছেদটি পড় এবং ২২ ও ২৩ নং প্রশ্নের উত্তর দাও:
খিলাফতে আরোহণ করে আব্বাসীয় খলিফা আল-মামুন বিভিন্ন প্রদেশের শাসনকর্তাদের বিরোধিতার মুখে পড়েন। এ সুযোগে বার্বারগণও মুসলিম সাম্রাজ্যে হানা দিতে শুরু করে।

২২. আল-মামুনের সাথে দিল্লির প্রথম যুগের কোন সুলতানের তুলনা করা যায়?
ⓚ কুতুবউদ্দিন আইবেক ⓚ সুলতান মাহমুদ
ⓖ শামসউদ্দিন ইলতুৎমিশ ⓖ আরাম শাহ

২৩. শামসউদ্দিন ইলতুৎমিশের সময়ে ভারতে বার্বারদের মতো কারা হানা দিয়েছিল?
ⓚ পারসিকরা ⓚ আফগানরা
ⓖ রোমানরা ⓖ মোঙ্গলরা

২৪. তাবাকাত-ই- নাসিরীর রচয়িতা কে?
ⓚ আমীর খসরু ⓚ ভিভি মহাজন
ⓖ মিনহাজ-ই সিরাজ ⓖ জিয়াউদ্দিন বারাণী

২৫. বলবনের সময় রাজ্যে বিশৃঙ্খলা সৃষ্টি করেছিল কারা?
ⓚ মেওয়াটি পর্বতবাসীরা ⓚ চল্লিশ চক্র
ⓖ গুপ্তচর বাহিনী ⓖ আমীররা

২৬. আলাউদ্দিন খলজী পাঞ্জাবে কাকে শাসনকর্তা নিযুক্ত করেন?
ⓚ ইব্রাহীমকে ⓚ গাজী মালিককে
ⓖ জাফর খানকে ⓖ তারঘিকে

২৭. আলাউল-মুলক কে ছিলেন?
ⓚ দিল্লির শাসনকর্তা ⓚ পাঞ্জাবের শাসনকর্তা
ⓖ দিল্লির কোতওয়াল ⓖ ঐতিহাসিক

২৮. আরজ-ই-মালিক কে ছিলেন?
ⓚ শাসনকর্তা ⓚ সৈন্যাধ্যক্ষ
ⓖ বিচার বিভাগের প্রধান ⓖ মূল্য নির্ধারক

২৯. কোন যুদ্ধ ভারতীয় উপমহাদেশে মুঘল সাম্রাজ্যের সূচনা করেছিল—
ⓚ তরাইনের প্রথম যুদ্ধ ⓚ পানিপথের প্রথম যুদ্ধ
ⓖ পলাশীর যুদ্ধ ⓖ খানুয়ার যুদ্ধ

৩০. মেদিনী রাও কে ছিলেন?
ⓚ ধনুগড়ের রাজা ⓚ চান্দেরীর রাজা
ⓖ মাড়াবারের রাজা ⓖ চিতোরের রাজা

নিচের অনুচ্ছেদটি পড় এবং ৩১ ও ৩২ নং প্রশ্নের উত্তর দাও:
সম্রাট বাবর মৃত্যুশয্যায় জ্যেষ্ঠপুত্র হুমায়ুনকে দিল্লির সিংহাসনের উত্তরাধিকারী মনোনীত করেন এবং ভ্রাতাদের সাথে সদ্ব্যবহার করার জন্য উপদেশ দেন। কিন্তু পিতার উপদেশ রক্ষা করতে গিয়ে হুমায়ূনকে পরবর্তীকালে মারাত্মক অসুবিধার সম্মুখীন হতে হয়।

৩১. কনৌজের যুদ্ধে পরাজয়ের পর হুমায়ুন কাদের সাহায্যে লাভে ব্যর্থ হন?
ⓚ নিকট আত্মীয়দের ⓚ ভাইদের
ⓖ রাজপুতদের ⓖ আফগানদের

৩২. হুমায়ুন তার রাজত্বকালে ভাইদের সাহায্যে লাভ করেননি কেন?
১. তারা সিংহাসন লাভে আগ্রহী ছিল
২. তারা উচ্চাকাঙ্ক্ষী ও উচ্চাভিলাষী ছিল
৩. তারা আফগানদের প্রতি দুর্বল ছিল
৪. হুমায়ুন তাদের প্রতি সদয় ব্যবহার করেননি
নিচের কোনটি সঠিক?
ⓚ ১ ও ২ ⓚ ৩
ⓖ ৪ ⓖ উপরের সবগুলো

৩৩. শেরশাহ বাংলার কোন শাসনকর্তার বিদ্রোহ দমন করেন?
ⓚ মাহমুদ শাহ ⓚ খিজির খান
ⓖ কামরান ⓖ জামান খান

৩৪. পানিপথের ২য় যুদ্ধ কত সালে সংগঠিত হয়?
ⓚ ১৫২৬ সালে ⓚ ১৫৩০ সালে
ⓖ ১৫৪০ সালে ⓖ ১৫৫৬ সালে

৩৫. সম্রাট আকবরের সময় চিতোরের রাজা কে ছিলেন?
ⓚ সংগ্রাম সিংহ ⓚ রানা প্রসাদ
ⓖ উদয় সিংহ ⓖ বীর জয়মল

৩৬. মনসবদারী পদবী সীমাবদ্ধ ছিল—
১. সৈন্যবাহিনীর মধ্যে
২. রাজপরিবারের মধ্যে
৩. অভিজাত সম্প্রদায়ের মধ্যে
৪. শাহজাদাদের মধ্যে
নিচের কোনটি সঠিক?
ⓚ ১ ও ২ ⓚ ২
ⓖ ৩ ⓖ উপরের সবগুলো

৩৭. তাজমহল ভারতের কোন শহরে নির্মাণ করা হয়?
ⓚ দিল্লিতে ⓚ আজমীরে
ⓖ আগ্রায় ⓖ কলকাতায়

৩৮. সম্রাট আওরঙ্গজেব দাক্ষিণাত্যের রাজা বিজাপুরের সুলতান.... কে দমন করেন?
ⓚ জয়সিংহ ⓚ আদিল শাহ
ⓖ আফজাল খাঁ ⓖ কুতুব শাহ

৩৯. প্রাচীনকালে পুন্ড্র জনপদের রাজধানী ছিল—
ⓚ মহাস্থানগড় ⓚ রাঢ়
ⓖ গৌড় ⓖ বরেন্দ্র

৪০. পলাশীর যুদ্ধ কবে সংঘটিত হয়?
ⓚ ১৭৫৬ সালে ⓚ ১৭৫৭ সালে
ⓖ ১৭৫৮ সালে ⓖ ১৭৫৯ সালে

| | | | | | | | | | | | | | | | | | | | | | | | | | | | | | | | | | | | | | | | |
|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|
| ১ | গ | ২ | খ | ৩ | ক | ৪ | ঘ | ৫ | খ | ৬ | খ | ৭ | ক | ৮ | গ | ৯ | খ | ১০ | খ | ১১ | ঘ | ১২ | গ | ১৩ | খ | ১৪ | ঘ | ১৫ | খ | ১৬ | খ | ১৭ | গ | ১৮ | ঘ | ১৯ | ক | ২০ | ক |
| ২১ | খ | ২২ | গ | ২৩ | ঘ | ২৪ | গ | ২৫ | ঘ | ২৬ | খ | ২৭ | গ | ২৮ | খ | ২৯ | খ | ৩০ | খ | ৩১ | গ | ৩২ | ঘ | ৩৩ | ক | ৩৪ | ঘ | ৩৫ | গ | ৩৬ | ক | ৩৭ | গ | ৩৮ | ক | ৩৯ | ক | ৪০ | খ |

http://teachingbd.com